

বাসে কাটা মজুমদার

মৃত্যুও একা একা হাঁটে
 একা একা ইঁট নিয়ে ফুটবল খেলে
 লোকের চোখ বাঁচিয়ে একা একা কাঁদে
 অথচ তার মাথা ভেসে যাচ্ছে
 মাথায় ভেসে যাচ্ছে ভাষা
 উথাল পাথালে একটু স্থির হয়ে বোস
 আমি এইসব সাতপাঁচে অস্থির
 দেখি ভাষা ভেসে যাচ্ছে
 ছেড়ে যাচ্ছে হাতের সাস্বনা অহংকার ভালোলাগা
 ভাল্লাগেনা আর, প্রিয়তম করে রাখা
 যেন ছেড়ে দিতে পারলে বেঁচে যাবে
 এই তবে বন্ধন সুখ স্পর্শগুলো অবুঝ রয়েছে
 আঙুলের ডগা খঁগাক শিয়ালের মাথা হয়ে গেলে
 খসে পড়ে যাবে যন্ত্রণা ইকির মিকির

শুভঙ্কর দাশ

